সংবাদ

তারিখ 20 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

# হাজার টাকা না হলে মেলে না প্রশংসাপত্র

**প্রতিনিধি, ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)**

ঈশ্বরগঞ্জ

ঈশ্বরগঞ্জের পিতাম্বর পাড়া ফাজিল মদ্রাসায় দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের কাছ থেকে ১হাজার টাকা করে প্রশংসা পত্র ফি আদায় করে নেয়ার অভিযোগ পাওয়া গেছে। প্রশাসনিক কর্মকর্তাদের কাছে অভিযোগ করেও ভূক্তভোগীরা রেহাই পাচ্ছে না। অভিভাবক ও শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগের সত্যতা যাছাই করতে মাদ্রাসার অধ্যক্ষ শোয়াইবের সাথে কথা হলে তিনি জানান প্রতিষ্ঠান পরিচালনা কর্মিটির সিদ্ধান্তেই প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য প্রশংসা পত্র বাবদ ১ হাজার টাকা নেয়া হচ্ছে। মাদ্রসার শিক্ষার্থী ও অভিভাবকরা জানান মাদ্রাসা কর্তৃপক্ষ তাদেরকে এ প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার জন্য চাপ সৃষ্টি করছে। কোন ছাত্র ছাত্রী অন্য প্রতিষ্ঠানে ভর্তি হলে তাদের কাছ থেকে বাধ্যতা মূলক ১ হাজার টাকা প্রশংসা পত্র ফি বাবদ আদায় করে নেয়া হচ্ছে। সরকারি ভাবে প্রশংসা পত্র ফি আদায় করার কোন নিয়ম না থাকলেও এ মাদ্রাসায় বাণিজ্যিক ভাবে এ অর্থ আদায় করা হচ্ছে। এ নিয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে। মাদ্রাসা শিক্ষার্থীর অভিভাবক আবু তাহের শিক্ষার্থী সোহাগ মিয়া কামরুল হাসান সোহেল আহম্মেদ জোবাইদ ইসলাম জানান ধার্যকৃত টাকা না দেয়ায় তাদেরকে প্রশংসা পত্র দেয়া হচ্ছে না। ফলে তারা কলেজে ভর্তি হতে পারছে না। এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম জানান প্রশংসা পত্র প্রদানে অর্থ আদায়ে সরকারী কোন বিধান নেই। ইহা সম্পূর্ণ বেআইনি। তদন্ত পূর্বক ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য গত ২৫ শে জুন ঈশ্বরগঞ্জের উচাখিলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে প্রশংসা পত্র দেয়ার নামে ৫শ টাকা আদায় করে নেয়ার অভিযোগে সংবাদে একটি সংবাদ প্রকাশিত হয়। গত ১২ জুলাই ওই প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগে ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণীর প্রায় ১৫ শত শিক্ষার্থী অধবার্ষিক পরিক্ষা বর্জন করে। এ সংক্রান্ত একটি স্বচিত্র রিপোর্ট ১৩ ই জুলাই সংবাদে প্রকাশিত হয়। এ ধরনের অনিয়ম অভিযোগের পরও প্রশাসনিক ভাবে কোন পদক্ষেপ গৃহীত না হওয়ায় অভিভাবক সহ শিক্ষার্থীদের মাঝে চরম ক্ষোভ দেখাদিয়েছে। ভূক্তভোগী মহলের অভিযোগ তাহলেকি ওই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জড়িত।



*প্রশংসাপত্র বাবদ পাঁচশত টাকা চেয়ে স্কুল কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি* -সংবাদ